গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ২৩২/২০১৮-২০১৯
ঢাকা, ৩ জুন সোমবার ২০১৯, ২০ জ্যৈষ্ঠ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। প্রধানমন্ত্রীর ওমরাহ পালন : দেশবাসীসহ মুসলিম উম্মাহর কল্যাণ ও শান্তি কামনা
২। নবীজির রওজা জিয়ারত করলেন প্রধানমন্ত্রী
৩। বিশ্বকাপ ক্রিকেটের প্রথম ম্যাচে দক্ষিণ আফ্রিকাকে ২১ রানে হারাল বাংলাদেশ : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী'র অভিনন্দন
৪। আগামী বাজেটে মুক্তিযোদ্ধা ভাতা বাড়বে ২ হাজার টাকা : ঈদ উপহার বিতরণকালে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী
৫। সড়ক-মহাসড়কে কোথাও কোনো যানজট নেই : সেতুমন্ত্রী
৬। বড় সব ঈদ জামাতে থাকবে তিনস্তরের নিরাপত্তা : স্বরাষ্ট্রমন্ত্রী
৭। পণ্যমূল্য বৃদ্ধি না পাওয়া, খাদ্যে ভেজালরোধ এবং ঈদযাত্রা নির্বিঘ্ন করতে সরকারের সক্ষমতা প্রশংসাযোগ্য : তথ্যমন্ত্রী
৮। দুর্ঘটনা এড়াতে সব সড়ক বাঁক সোজা করা হবে : পরিকল্পনামন্ত্রী
৯। দক্ষিণাঞ্চলের নৌযাত্রীদের ঈদযাত্রা স্বস্তিদায়ক হবে : সদরঘাটে নৌপ্রতিমন্ত্রী
১০। প্রতিবন্ধীদের দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তোলা হবে : মেহেরপুরে জনপ্রশাসন প্রতিমন্ত্রী
১১। জঙ্গিদের আইনি সহায়তা দেবেন না : আইনজীবীদের প্রতি র‌্যাব ডিজি
১২। নাট্যব্যক্তিত্ব মমতাজউদদীন আহমদের ইন্তেকাল : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী'র শোক প্রকাশ

চলমান পাতা-২

১। **প্রধানমন্ত্রীর ওমরাহ পালন : দেশবাসীসহ মুসলিম উম্মাহর কল্যাণ ও শান্তি কামনা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ২ জুন শনিবার রাতে মক্কায় পবিত্র ওমরাহ পালন করেছেন। তিনি চার দিনের সরকারি সফরে বর্তমানে সৌদি আরব অবস্থান করছেন। প্রধানমন্ত্রী প্রথমে পবিত্র কাবা তাওয়াফ করেন এবং এরপর সাফা ও মারওয়ায় মধ্যে সাঈ করে ওমরাহর আনুষ্ঠানিকতা সম্পন্ন করেন। এ সময় প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশবাসীর জন্য কল্যাণ কামনার পাশাপাশি মুসলিম উম্মাহর অব্যাহত শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

২। **নবীজির রওজা জিয়ারত করলেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (২ জুন রোববার) বাদ জোহর মসজিদে নববিতে মহানবী হযরত মুহাম্মদ (সা) এর রওজা জিয়ারত করেন। তিনি দেশবাসীর কল্যাণ এবং মুসলিম উম্মাহর অব্যাহত শান্তি, অগ্রগতি ও সমৃদ্ধি কামনা করে প্রার্থনা করেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ কন্যা শেখ রেহানা, প্রধানমন্ত্রীর কন্যা সায়মা ওয়াজেদ হোসেন পুতুল এবং প্রধানমন্ত্রীর সফর সঙ্গীরাও রওজা জিয়ারতে অংশ নেন। এর আগে প্রধানমন্ত্রী শেখ হাসিনা একটি বিশেষ বিমানে স্থানীয় সময় সকাল ১০টা ৫০ মিনিটে মক্কা থেকে মদিনার প্রিন্স মোহাম্মদ বিন আবদুল আজিজ আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছেন। মদিনার ডেপুটি গভর্নর ওয়াহিব আল-সাহলি বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে অভ্যর্থনা জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.১) **সংবাদ (পৃ.২,ক.৪, অবজারভার** (পৃ.২,ক.১), **নিউ এজ** (শেষ পৃ,ক.১)।।

৩। **বিশ্বকাপ ক্রিকেটের প্রথম ম্যাচে দক্ষিণ আফ্রিকাকে ২১ রানে হারাল বাংলাদেশ : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী'র অভিনন্দন**

গতকাল (২ জুন রোববার) ইংল্যান্ডের ওভালে বিশ্বকাপ ক্রিকেটের প্রথম ম্যাচে দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে ৩৩০ রান করে তাদের ২১ রানে হারায় বাংলাদেশ। জবাবে দক্ষিণ আফ্রিকা ৮ উইকেটে ৩০৯ রান করে। দক্ষিণ আফ্রিকাকে হারিয়ে বিশ্বকাপ শুরু করায় বাংলাদেশ ক্রিকেট দলকে অভিনন্দন জানিয়েছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। অভিনন্দনবার্তায় রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী বাংলাদেশ দলের ক্রিকেটার, কোচ ও কর্মকর্তাদের অভিনন্দন ও শুভেচ্ছা জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৪। **আগামী বাজেটে মুক্তিযোদ্ধা ভাতা বাড়বে ২ হাজার টাকা : ঈদ উপহার বিতরণকালে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী**

আগামী বাজেটে মুক্তিযোদ্ধাদের জন্য সুখবর আসছে বলে জানিয়েছেন মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক। মুক্তিযোদ্ধাদের মাসিক সম্মানী ভাতা ১০ হাজার থেকে ১২ হাজার টাকায় বৃদ্ধি করা হতে পারে। গতকাল (২ জুন রোববার) লিংকরোডের সরকারি পরিবহণ পুল ভবনে বীর মুক্তিযোদ্ধা ও তাদের পরিবারের সদস্যদের মাঝে ঈদের উপহার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার মুক্তিযোদ্ধাদের কল্যাণে বহুবিধ কাজ করে যাচ্ছে। আগামী অর্থবছরের বাজেটে বীর মুক্তিযোদ্ধাদের জন্য অনেক কল্যাণমূলক ঘোষণা আসছে। সূত্র-**যুগান্তর** (পৃ.১৪,ক.৩), **সংবাদ** (পৃ.৪,ক.৬)।

৫। **সড়ক-মহাসড়কে কোথাও কোনো যানজট নেই : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, ঢাকা-চট্টগ্রাম মহাসড়কসহ দেশে যোগাযোগ ব্যবস্থার উন্নতি হওয়ায় ইতিহাসের সবচেয়ে আরামদায়ক ও স্বস্তির ঈদযাত্রা হচ্ছে এবার। এখন ঢাকা থেকে দেড় ঘণ্টায় কুমিল্লা এবং চার ঘণ্টায় চট্টগ্রাম যাওয়া যাচ্ছে। গাজীপুর থেকে টাঙ্গাইল-ময়মনসিংহ সড়ক চার লেনে উন্নীত হওয়ায় উত্তর জনপদেও দুর্ভোগের অবসান হয়েছে। তিনি আরো বলেন, সড়ক-মহাসড়কের কোথাও কোনো যানজট হচ্ছে না। গতকাল (২ জুন রোববার) নারায়ণগঞ্জের মেঘনা টোল প্লাজা এলাকায় হাইওয়ে পুলিশের কমান্ড অ্যান্ড মনিটরিং কন্ট্রোল সেন্টারের উদ্বোধন অনুষ্ঠানে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন । সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.৫) **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৭), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

৬। বড় সব ঈদ জামাতে থাকবে তিনস্তরের নিরাপত্তা : স্বরাষ্ট্রমন্ত্রী

দেশের বড় বড় সব ঈদ জামাতে তিন স্তরের নিরাপত্তা ব্যবস্থা থাকবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। তিনি বলেন, বড় বড় জামাতে সাদা পোশাকে, ইউনিফর্মে ও ছদ্মবেশে আইনশৃঙ্খলাবাহিনী নিরাপত্তার দায়িত্বে থাকবে। গতকাল (২ জুন রোববার) রাজধানীর তেজগাঁওয়ে বিজ্ঞান কলেজে একটি বেসরকারি প্রতিষ্ঠানের আয়োজনে সুবিধাবঞ্চিত মানুষকে ঈদসামগ্রী প্রদান শেষে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন । সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৩)।

৭। পণ্যমূল্য বৃদ্ধি না পাওয়া, খাদ্যে ভেজালরোধ এবং ঈদযাত্রা নির্বিঘ্ন করতে সরকারের সক্ষমতা প্রশংসাযোগ্য : তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, পণ্যের যথেষ্ট মজুদ ও ব্যবসায়ীদের সঙ্গে আলাপের মাধ্যমে এবার রমজানে পণ্যমূল্য বৃদ্ধি না পাওয়া, খাদ্যে ভেজালরোধ এবং ঈদযাত্রা নির্বিঘ্ন করতে সরকারের সক্ষমতা প্রশংসাযোগ্য। গতকাল (২ জুন রোববার) রাজধানীর ধানমন্ডিতে আওয়ামী লীগের কার্যালয়ে প্রচার উপকমিটির সভায় সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন। সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তথ্যমন্ত্রী আরো বলেন, এ কে খন্দকার তাঁর লেখা গ্রন্থে ভুলের জন্য জাতি ও জাতির পিতা বঙ্গবন্ধুর আত্মার কাছে ক্ষমা চেয়েছেন, তার এ বোধোদয়ের জন্য ধন্যবাদ। পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে গণমাধ্যমকর্মীসহ দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন তথ্যমন্ত্রী। সূত্র-**বণিকবার্তা** (পৃ.২,ক.৫), **সংবাদ** (শেষ পৃ,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৫), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৪)।

৮। দুর্ঘটনা এড়াতে সব সড়ক বাঁক সোজা করা হবে : পরিকল্পনামন্ত্রী

পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান বলেছেন, দুর্ঘটনা এড়াতে সব সড়ক বাঁক সোজা করার নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এজন্য প্রকল্প হাতে নেওয়া হয়েছে। মহাসড়ক ঘেঁষে যেখানে হাটবাজার গড়ে উঠেছে, সেখানে ফুটওভারব্রিজ করা হবে, যাতে মানুষ নিরাপদে পারাপার হতে পারে। এছাড়া সড়ক প্রশস্ত করা হবে। গতকাল (২ জুন রোববার) সুনামগঞ্জ-দিরাই সড়কের গণিগঞ্জে বাস-লেগুনার মুখোমুখি সংঘর্ষের ঘটনায় নিহত সাত লেগুনাযাত্রীর স্বজনদের সমবেদনা জানাতে গিয়ে সুনামগঞ্জ সদর হাসপাতালে গণমাধ্যমকর্মীদের তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.১), **যায়যায়দিন** (পৃ.১৫,ক.১)।

৯। দক্ষিণাঞ্চলের নৌযাত্রীদের ঈদযাত্রা স্বস্তিদায়ক হবে : সদরঘাটে নৌপ্রতিমন্ত্রী

লঞ্চের মালিক, শ্রমিক, কুলি যাত্রীদের সঙ্গে খারাপ আচরণ করলে কঠোর ব্যবস্থা নেয়া হবে বলে জানিয়েছেন নৌপরিবহণ প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী। গতকাল (২ জুন রোববার) সদরঘাট নদীবন্দর পরিদর্শনে গিয়ে তিনি এ হুঁশিয়ারি উচ্চারণ করেন। দক্ষিণাঞ্চলের নৌযাত্রীদের জন্য এবার ঈদযাত্রা স্বস্তিদায়ক হবে বলেও আশা প্রকাশ করেন তিনি। ঈদে বাড়তি যাত্রীর চাপ সামাল দেয়ার মতো সব ধরনের প্রস্তুতি থাকার কথা জানিয়ে তিনি বলেন, আগের চেয়ে লঞ্চের সংখ্যা বেড়েছে। নৌবন্দরের সক্ষমতাও বেড়েছে। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৩,ক.৫), **সমকাল** (পৃ.৭,ক.১)।

১০। প্রতিবন্ধীদের দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তোলা হবে : মেহেরপুরে জনপ্রশাসন প্রতিমন্ত্রী

প্রতিবন্ধীরা সমাজের বোঝা নয়। তাদের পড়াশোনা ও প্রশিক্ষণের সুযোগ দিয়ে দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তোলা হবে। প্রতিবন্ধীদের দেশের সম্পদে পরিণত করার জন্য সরকার বিভিন্ন ধরনের উদ্যোগ গ্রহণ করেছে। এ উদ্যোগকে সফল করতে ঐ শিশুদের অভিভাবকসহ সমাজের সব স্তরের মানুষকে এগিয়ে আসতে হবে। তাহলে প্রতিবন্ধীরা যে কোনো কাজকে প্রতিবন্ধকতা মনে করবে না। গতকাল (২ জুন রোববার) মেহেরপুরের মল্লিকপাড়ায় বুদ্ধিপ্রতিবন্ধী বিদ্যালয় প্রাঙ্গণে শিশুদের মাঝে ঈদের নতুন পোশাক বিতরণ অনুষ্ঠানে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১০,ক.৫)।

১১। **জঙ্গিদের আইনি সহায়তা দেবেন না : আইনজীবীদের প্রতি র‌্যাব ডিজি**

জঙ্গি আসামিদের পক্ষে আইনি লড়াই না করতে আইনজীবীদের প্রতি অনুরোধ জানিয়ে র‌্যাব মহাপরিচালক (ডিজি) বেনজীর আহমেদ বলেছেন, চুরি-ডাকাতি, ছিনতাইয়ের মতো অন্য অপরাধের মতো জঙ্গিবাদকে বিবেচনা করে আইনি সহায়তা দিলে বিষয়টি হবে আত্মঘাতী। টাকা দিলেই জঙ্গিদের পক্ষে আদালতে দাঁড়ানো ঠিক হবে না। জঙ্গিরা আদালতেও হামলা করেছে। গতকাল (২ জুন রোববার) রাজধানীর কারওয়ান বাজারে র‌্যাব মিডিয়া সেন্টারে ঈদুল ফিতর উপলক্ষে নিরাপত্তা ব্যবস্থা নিয়ে আয়োজিত সংবাদসম্মেলনে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৬), **সংবাদ** (পৃ.১,ক.৩), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৬)।

১২। **নাট্যব্যক্তিত্ব মমতাজউদদীন আহমদের ইন্তেকাল : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক প্রকাশ**

অভিনেতা ও নাট্যব্যক্তিত্ব মমতাজউদদীন আহমদ গতকাল (২ জুন রোববার) রাজধানীর অ্যাপোলো হাসপাতালে ইন্তেকাল করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৪ বছর। তাঁর মৃত্যুতে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা গভীর শোক প্রকাশ করেছেন। এক শোকবার্তায় রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী তাঁর আত্মার মাগফিরাত কামনা করেন ও শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানান। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৮), **সমকাল** (শেষ পৃ,ক.৭), **নিউ নেশন** (পৃ.৩,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.৮)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** ঈদ উপলক্ষে সারাদেশে গরিব-দুঃখীদের জন্য সরকারের পক্ষ হতে জনপ্রতি ১৫ কেজি চাল দেওয়ার কর্মসূচিতে কোথাও কোথাও অনিয়মের অভিযোগ পাওয়া যাচ্ছে উল্লেখ করে এ ব্যাপারে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

খ. **জনকণ্ঠ :** দেশে বিভিন্ন পাবলিক ও নিয়োগ পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসে সিন্ডিকেট গড়ে উঠেছে উল্লেখ করে এদের চিহ্নিত করে কঠোর শাস্তির দাবি।

গ. **সংবাদ, যায়যায়দিন :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৪তম ওআইসি সম্মেলনে প্রতিকূল প্রতিবেশ এবং অর্থনৈতিক ও নিরাপত্তা পরিস্থিতি মোকাবিলায় ব্যাপক পরিকল্পনা গ্রহণের জন্য ওআইসির সদস্য রাষ্ট্রগুলোর প্রতি আহ্বান জানিয়েছেন উল্লেখ করে এ বাস্তবসম্মত আহ্বানের সাথে একাত্মতা প্রকাশ।

ঘ. **যুগান্তর :** বিমানের একটি দুষ্টচক্র কারসাজি করে অবৈধ লাগেজ বাণিজ্যের মাধ্যমে কোটি কোটি টাকা হাতিয়ে নিচ্ছে বলে এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিরাজমান অনিয়ম, অব্যবস্থাপনা ও অপরাধমূলক কর্মকাণ্ড দমনে কঠোর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঙ. **বণিকবার্তা :** রাজধানীতে অবৈধ গাড়ি পার্কিং অসহনীয় যানজটের অন্যতম কারণ উল্লেখ করে এ ব্যাপারে আইনানুগ ব্যবস্থা নেওয়ার দাবি।

চ. **ইনডিপেনডেন্ট :** ঈদে নৌপথে ঘরমুখো মানুষের যাত্রা যাতে নির্বিঘ্ন ও নিরাপদ হয়-সে ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ছ. **অবজারভার :** বঙ্গোপসাগরে দূষণের পরিমাণ বাড়ছে উল্লেখ করে এ অবস্থা নিরসনে যথাযথ পদক্ষেপ কামনা।

উপসম্পাদকীয়

বণিকবার্তা পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, রাষ্ট্রে ও সমাজে সব মানুষের অধিকার সমান এবং সব জনগোষ্ঠীর অধিকার ও নিরাপত্তা বিধান করা রাষ্ট্রের কর্তব্য।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত **'ঈদ হলো ভ্রাতৃত্ব ও সৌহার্দ্যের মেলবন্ধন'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, ঈদুল ফিতরের ত্যাগের শিক্ষা আমাদের বাস্তব জীবনে প্রয়োগ করতে হবে।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/মাসুম/২০১৮/ ৯.০০ঘন্টা